দৈনিক
ইত্তেফাক

তারিখ: 11 JUN 2016
পৃষ্ঠা: ... কলাম: ...

# ফরিদগঞ্জে ৫৩ প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য

■ ফরিদগঞ্জ (চাঁদপুর) সংবাদদাতা

উপজেলার ১৮৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৫৩টিতে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। এছাড়া ১১৬টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। ফলে সংশ্লিষ্ট স্কুলগুলোতে প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম স্থবির হয়ে পড়েছে। অভিভাবক ও স্কুল পরিচালনা কমিটির সদস্যরা জানান, আমাদের কোমলমতি শিশু শিক্ষার্থীরা শিক্ষকের অভাবে পাঠ গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. ফরিদউদ্দিন আহম্মদ জানান, ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট শূন্য পদের তালিকা প্রেরণ করা হয়েছে। তবে বিভিন্ন মামলার কারণে নিয়োগ বন্ধ রয়েছে। তাছাড়া ১৮ মাসব্যাপী ডিপিইনএড এ ৩২ জন শিক্ষক প্রশিক্ষণে থাকা ও বিষয়ভিত্তিক অনেক শিক্ষক প্রশিক্ষণে থাকায় পাঠদানের সংকট আরো বেড়েই চলছে। অত্র উপজেলায় ১৮৬টি স্কুলে প্রাক-প্রাথমিক হতে ৫ম শ্রেণি পর্যন্ত ৫৯ হাজার ১৭৫ জন শিক্ষার্থী রয়েছে। এদের পাঠদানের জন্য অনুমোদিত প্রধান শিক্ষকের পদ সংখ্যা ১৮৬টির স্থলে রয়েছে ১৩৩টি। আর সহকারী শিক্ষকের অনুমোদিত পদসংখ্যা ১ হাজার ৮০টির স্থলে রয়েছে ৯৬৪টি। শূন্য পদগুলো জরুরি ভিত্তিতে পূরণ করে প্রাথমিক শিক্ষার পাঠদান স্বাভাবিকভাবে অব্যাহত রাখার দাবি অভিভাবকদের।